



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd



বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি ২০২১-২০২২/২০২২/২৮

তারিখ: ২৭/০৩/২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি সম্পূরক বিজ্ঞপ্তি

যে সমস্ত শিক্ষার্থী দিনাজপুর সরকারি কলেজে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে কেবলমাত্র তারা দিনাজপুর সরকারি কলেজের ওয়েবসাইটে প্রবেশ করে www.dgc.edu.bd Online Admission লিংকে ঢুকে Higher Secondary Admission ক্লিক করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে। তাদের DBBL এর Nexus Pay বিভিন্ন অপশন (Rocket/Nexus Debit এর যে কোন একটি সিলেক্ট করে পেমেণ্ট নিশ্চিত করতে হবে এবং ধারাবাহিকভাবে প্রতিটি ফরম পূরণ করতে হবে।

১। DBBL (ডাচবাংলা ব্যাংকিং) Nexus Pay অপশন এর Rocket/DBBL Nexus Debit/DBBL Master Debit/ DBBL VISA Debit/VISA/Master Card মাধ্যমে ভর্তির জন্য টাকা জমা করা যাবে।

ভর্তি প্রক্রিয়া ও ফি প্রদান নিয়মাবলী কপি সংযুক্ত

২। ভর্তির জন্য নিম্নোক্ত নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

বিজ্ঞান শাখা	মানবিক	ব্যবসায় শিক্ষা শাখা
২১৮৯/-	১৯৮৯/-	১৯৮৯/-

৩। ভর্তির তারিখ: ২৭/০৩/২০২২ হতে ২৮/০৩/২০২২ পর্যন্ত।

৪। যে সমস্ত শিক্ষার্থী মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদেরকে উপর্যুক্ত প্রমাণপত্রসহ আগামী ৩০/০৩/২০২২ থেকে ৩১/০৩/২০২২ তারিখ দুপুর ০২.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র যাচাই সাপেক্ষে (উচ্চ মাধ্যমিক শাখা) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৫। বোর্ড বৃত্তিপত্রাদেশের ক্ষেত্রে প্রযোজ্য:

যে সকল শিক্ষার্থী বোর্ড বৃত্তিপত্র তাদের বোর্ড বৃত্তির তালিকায় যে অংশে তার বৃত্তির তথ্য রয়েছে সে পাতা প্রিন্ট নিয়ে কলেজ ওয়েবসাইটে www.dgc.edu.bd প্রবেশ করে বৃত্তির ফরম ডাউনলোড করে সঠিক তথ্য পূরণ করতে হবে। বৃত্তি ফরম পূরণ করে নিম্নোক্ত কাগজপত্রসহ বৃত্তি সংক্রান্ত সকল ডকুমেন্ট পৃথকভাবে জমা করতে হবে। (ক) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র; (খ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ; (গ) বৃত্তি তালিকা নিজ অংশের ফটোকপি; (ঘ) সচল ব্যাংক হিসাব নম্বর স্টেটমেন্টসহ (যদি না থাকে একাউন্ট খুলতে হবে)।

৬। ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইটে প্রদর্শিত "শিক্ষার্থী তথ্য ছক" সঠিকভাবে পূরণ করে এককপি শিক্ষার্থী ফরমসহ নিম্নোক্ত কাগজপত্র আগামী ৩০/০৩/২০২২ তারিখ হতে ৩১/০৩/২০২২ তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখায় সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টার মধ্যে জমা দিতে হবে।

(ক) এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ডাউনলোডকৃত ট্রান্সক্রিপ্টের কপি ও সত্যায়িত ফটোকপি-০২ কপি।

(খ) এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি।

(গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি-০২ কপি।

(ঙ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি মোট ০৬ (ছয়) কপি রসিন ছবি (সত্যায়িত ছাড়া)।

(চ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক পাঠ বিরতির সনদপত্র ০১ (এক) কপি।

(ছ) শিক্ষার্থীর জন্মসনদের সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি।

(জ) পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি-০১ কপি।

(ঝ) বোর্ডবৃত্তি প্রাপ্তদের বৃত্তি প্রাপ্তির বৃত্তি তালিকার শিক্ষার্থীর নাম সংশ্লিষ্ট পাতা প্রমাণক হিসেবে প্রিন্ট করে সংযুক্ত করতে হবে।


(ঞ) অনলাইন ভর্তি ফরম ও ভর্তির টাকা জমাদানের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

বিঃদ্র: সকল কাগজপত্র একটি A4 সাইজের খামে জমা দিতে হবে (খামের বাম পার্শ্বে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, শাখা, রোল নম্বর, ৪র্থ বিষয়, শিক্ষার্থীর ও অভিভাবকের মোবাইল নম্বর লিখতে হবে)।

সংযুক্ত: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত শিক্ষার্থীদের তথ্য ছক।

প্রয়োজনে: ০১৭১৩৭২৮২২৮, ০১৭১৯২০৪৬৮১, ০১৭১৬২৮৬৫০৯, ০১৭১৮৮২৯৩৫৮


প্রতি স্বাক্ষর


২৭.০৩.২০২২

(প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


২৭/৩
২২

আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২১-২০২২

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর